২৮৭৮

দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1992
পৃঃ ১০ কলাম ৪

13

## বাকসুর অভিষেক অনুষ্ঠিত

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ১৯শে নভেম্বর বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে ১৯৯০-৯১ সালের জন্য নির্বাচিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-ছাত্রী সংসদ (বাকসু)-এর অভিষেক অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণমন্ত্রী এম মজিদ-উল-হক। বিশেষ অতিথি ছিলেন ডাকসু জি, এস খায়রুল কবির খোকন, সংসদের হুইপ এম, এ করিম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাকসুর নব নির্বাচিত সহ-সভাপতি মোঃ সাইদুজ্জামান কামাল, যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম খান এবং কোষাধ্যক্ষ মোঃ মাহফুজুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ও নব নির্বাচিত কর্মকর্তাদের শপথ পাঠ করান বাকসু সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আশরাফ আলী খান। সংবিধান ও গঠনতন্ত্র অনুযায়ী বিদায়ী সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুষ্ঠান পরিচালনা করার কথা থাকলেও তাদের অনুপস্থিতিতে অনুষ্ঠানটি পরিচালনা করেন নব-নির্বাচিত সাধারণ সম্পাদক মোঃ শাহাদাৎ হোসেন চঞ্চল।